

■■ হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ৩

আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করি:

«يَا رَسُولَ اللَّهِ، عَلَى النِّسَاءِ جِهَادٌ ؟ قَالَ: «نَعَمْ، عَلَيْهِنَّ جِهَادٌ لَا قِتَالَ فِيهِ، الْحَجُّ وَالْعُمْرَةُ».

"হে আল্লাহর রাসূল, নারীদের ওপর কি জিহাদ আছে? তিনি বললেন: হ্যাঁ, তাদের ওপর জিহাদ আছে, তাতে মারামারি নেই, হজ ও উমরা"[1]।[2]

>

ফুটনোট

- [1] আহমদ, হাদীস নং ২৩৯৪১; ইবন মাজাহ, হাদীস নং ২৯০১; সহীহ ইবন খুযাইমাহ, হাদীস নং ২৮৭৭।
- [2] শিক্ষণীয় বিষয়: ২ ও ৩ নং ফাতওয়ার বিষয় এক, দু'টি প্রশ্নই করেছেন আম্মাজান আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা। ফাতওয়া দু'টি থেকে কয়েকটি বিষয় স্পষ্ট হয়:
- ক. জিহাদের মর্যাদা, সাওয়াব ও ফ্যীলত নারী-পুরুষ স্বার নিকট প্রসিদ্ধ ছিল।
- খ. ইসলামের প্রথম যুগে পুরুষের পাশাপাশি নারীরাও সর্বোত্তম আমল ও ফ্যীলত লাভ করার ক্ষেত্রে আগ্রহী ছিল।
- গ. ইসলাম তার অনুসারীদের উপর সাধ্যাতীত দায়িত্ব অর্পণ করে না, নারীদের থেকে জিহাদ রহিত করা তার এক দৃষ্টান্ত।
- ঘ, মুসলিমরা বীরের জাতি। জান্নাতের জন্য তাদের নারীরাও নিজেকে উৎসর্গ করতে প্রস্তুত।
- ঙ. মাবরুর হজ ফ্যীলতপূর্ণ ও নারীদের জন্য জিহাদ সমতুল্য। -অনুবাদক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10526

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন